

তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) আমদানি, উৎপাদন, মজুদ, টার্মিনাল স্থাপন,  
প্ল্যান্ট নির্মাণ এবং অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন, পরিচালনা, ডিলার ও  
ডিস্ট্রিবিউটর নিয়োগের মাধ্যমে বিতরণ ও বিপণনের নীতিমালা, ২০১৬ (খসড়া)

তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) বহুমুখী ব্যবহার সম্প্রসারণকল্পে এলপিজি আমদানি, উৎপাদন, মজুদ, বিতরণ ও বিপণন ব্যবস্থার সাথে দেশের অর্থনীতি, ভোক্তা স্বার্থ ও অধিকার, পরিবহণ ব্যবস্থা, সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থা ইত্যাদি বিষয় ওতপ্রোতভাবে জড়িত। তাই এই গ্যাসের নিরাপদ, সুরু ও প্রতিযোগিতামূলক ব্যবসা সম্প্রসারণ ও পরিচালনায় এলপিজি আমদানি, উৎপাদন, মজুদ, বিতরণ ও বিপণনকারী প্রতিষ্ঠানসমূহের জন্য প্রয়োজনীয় অবকাঠামো, আর্থিক সক্ষমতা, এলপিজি'র মান নিয়ন্ত্রণের জন্য স্পেসিফিকেশন নির্ধারণ, বিভিন্ন পর্যায়ের ক্রেতা-বিক্রেতার মধ্যে সম্পর্ক, দায়িত্ব ও সম্পাদিত চুক্তি ইত্যাদি বিষয়সমূহ সুনির্দিষ্ট করা সমীচীন বিধায় এই নীতিমালা প্রণয়ন করা হলো।

## ১। সংক্ষিপ্ত শিরোনাম :

- ১.১। ইহা “তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) আমদানি, উৎপাদন, মজুদ, টার্মিনাল স্থাপন, প্ল্যান্ট নির্মাণ এবং অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন, পরিচালনা, ডিলার ও ডিস্ট্রিবিউটর নিয়োগের মাধ্যমে বিতরণ ও বিপণনের নীতিমালা, ২০১৬” নামে অভিহিত হবে।
- ১.২। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) আমদানি, উৎপাদন, মজুদ, টার্মিনাল স্থাপন, প্ল্যান্ট নির্মাণ এবং অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন, পরিচালনা, ডিলার ও ডিস্ট্রিবিউটর নিয়োগের মাধ্যমে বিতরণ ও বিপণনকারী কোম্পানি অথবা প্রতিষ্ঠানকে “এলপিজি বিতরণ ও বিপণনকারী” হিসেবে অভিহিত করা হবে।
- ২। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) আমদানি, উৎপাদন, মজুদ, টার্মিনাল স্থাপন, প্ল্যান্ট নির্মাণ এবং অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন, পরিচালনা, ডিলার ও ডিস্ট্রিবিউটর নিয়োগের মাধ্যমে বিতরণ ও বিপণন করার জন্য সরকারের প্রাথমিক অনুমোদন পদ্ধতি :
- ২.১। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) আমদানি, উৎপাদন, মজুদ, টার্মিনাল স্থাপন, প্ল্যান্ট নির্মাণ এবং অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন, পরিচালনা, ডিলার ও ডিস্ট্রিবিউটর নিয়োগের মাধ্যমে বিতরণ ও বিপণন করার জন্য সরকারের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।
- ২.২। এলপিজি আমদানি ও রণ্ধনির জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে অনাপত্তি এবং প্রযোজ্য ক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয় হতে অনুমোদন গ্রহণ করতে হবে।
- ২.৩। সরকার কোন অনুমোদিত এলপিজি বিতরণ ও বিপণনকারী কোম্পানিকে তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে বোতলজাত এলপিজি বা বাঙ্ক আকারে এলপিজি বিদেশে রণ্ধনি করার অনাপত্তি প্রদান করবে।
- ২.৪। সরকার অনুমোদিত স্পেসিফিকেশন অনুযায়ী এলপিজি আমদানি করতঃ দেশে বিতরণ ও বিপণন করতে হবে।
- ২.৫। সরকার কর্তৃক অনুমোদিত এক বা একাধিক কোম্পানি অথবা প্রতিষ্ঠানকে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) আমদানি, উৎপাদন, মজুদ, টার্মিনাল স্থাপন, প্ল্যান্ট নির্মাণ এবং অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন, পরিচালনা, ডিলার ও ডিস্ট্রিবিউটর নিয়োগের মাধ্যমে বিতরণ ও বিপণন করার জন্য সমগ্র বাংলাদেশ বা কোন বিশেষ অঞ্চল নির্ধারণ করে দিতে পারবে।

চলমান পাতা-২

*16/10/16*  
Akramuzzaman  
Deputy Secretary  
Energy & Mineral Resources Division  
Government of Bangladesh